

🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ৬

💵 আরবি মূল আয়াত:

إِنَّ الإِنسَانَ لِرَبِّهِ لَكُنُودٌ ﴿ ٤﴾

নিশ্চয় মানুষ তার রবের প্রতি বড়ই অকৃতজ্ঞ। — আল-বায়ান বস্তুতঃ মানুষ তার রব-এর প্রতি বড়ই অকৃতজ্ঞ। — তাইসিরুল মানুষ অবশ্যই তার রবের প্রতি অকৃতজ্ঞ, — মুজিবুর রহমান Indeed mankind, to his Lord, is ungrateful. — Sahih International

৬. নিশ্চয় মানুষ তার রবের প্রতি বড়ই অকৃতজ্ঞ(১)

(১) এত বড় শপথ করার পরে এখানে যে উদ্দেশ্যে শপথ করা হয়েছে তা বর্ণনা করা হয়েছে। শপথের মূলকথা হচ্ছে এটা বর্ণনা করা যে, মানুষ তার প্রভুর অকৃতজ্ঞতাই প্রকাশ করে থাকে। كنود বলতে এখানে মূলত বোঝানো হয়েছে যে, মানুষ তার রবের নেয়ামতের প্রতি বড়ই অকৃতজ্ঞ। হাসান বসরী বলেন, كنود ব্যক্তি, যে বিপদ স্মরণ রাখে এবং নেয়ামত ভুলে যায়। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৬। অবশ্যই মানুষ তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ। [1]

[1] এটা হল কসমের জওয়াব। এখানে 'মানুষ' বলে উদ্দেশ্য হল কাফের (অবিশ্বাসী)। অর্থাৎ, সকল মানুষ উদ্দেশ্য নয়; (যেহেতু বিশ্বাসী এরূপ নয়।) كُنُود হল, না-শোকর, অকৃতজ্ঞ।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6152

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন